# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড


তত্ত্বাবধায়ক প্রকৌশলীর কার্যালয়
মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো
পানি ভবন (লেভেল-১),
৭২গ্রীণ রোড, ঢাকা-১২১৫।
ফোনঃ০২২২২২৩০১০

Office Of The SUPERRINTENDENT ENGINEER
DIRECTORATE OF HUMAN RESOURCE
DEVELOPMENT, BWDB. PANI BHABAN
(LEVEL-1), 72 GREEN ROAD, DHAKA-1215.
PHONE: 02222230130


স্মারক নং- ০৫.০০.০০০০.০০০.১০২.২১.০০০৩.২৫-১১৯৮ তারিখঃ ২১/০৭/২০২৫খ্রিঃ।

## সার্কুলার

মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা কর্তৃক এপিআর দাখিল/অনুস্বাক্ষর/প্রতিস্বাক্ষরের সময়সীমা বিস্তারিত উল্লেখ পূর্বক বিভিন্ন সময়ে সার্কুলার জারী করা হয়ে আসছে। তথাপিও অত্র দপ্তরে প্রাপ্ত এপিআরসমূহ পর্যালোচনায় দেখা যায়, একজন কর্মকর্তার কর্মজীবনের বিভিন্ন বছর/সময়ে এপিআর প্রযোজ্য হওয়া সত্ত্বেও যথানিয়মে ও যথাসময়ে দাখিল করা হচ্ছে না। পর্যবেক্ষণে আরও দেখা যায়, অনেক প্রতিবেদনকারী/প্রতিস্বাক্ষরকারী যথানিয়মে ও যথাসময়ে অনুস্বাক্ষর/প্রতিস্বাক্ষরপূর্বক এপিআর প্রেরণ করেন না। এ সংক্রান্ত ব্যর্থতা 'গোপনীয় অনুবেদন অনুশাসনমালা-২০২০' এর অনুচ্ছেদ-২.৬.৫ ও ২.৬.৬ মোতাবেক 'অসদাচরণ' হিসেবে গণ্য হবে এবং সংশ্লিষ্ট কর্মচারীর বিরুদ্ধে 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা- ২০১৮' অনুযায়ী বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা যাবে মর্মে বলা হয়েছে। এছাড়া, চাকুরি স্থায়ীকরণ, উচ্চতর গ্রেডসহ পদোন্নতির লক্ষ্যে কর্মকর্তা/কর্মচারীগণের এপিআর সংক্রান্ত চাহিত প্রতিবেদন প্রস্তুত করতে গিয়ে বিভিন্ন ত্রুটি-বিচ্যুতি পরিলক্ষিত হচ্ছে। এতে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ ক্ষতিগ্রস্ত হচ্ছেন। ফলে ন্যায় বিচার নিশ্চিত করা যাচ্ছে না, যা খুবই অনভিপ্রেত।

এমতাবস্থায়, জনপ্রশাসন মন্ত্রণালয়, সিআর শাখা-৩ এর স্মারক নং- ০৫.০০.০০০০.০০০.১০২.২১.০০০৩.২৫-১৩৪ তারিখঃ ১৫/০৫/২০২৫ খ্রি. মোতাবেক ''গোপনীয় অনুবেদন অনুশাসনমালা-২০২০'' অনুযায়ী এপিআর প্রযোজ্য হলে যথাসময়ে উহা দাখিল, অনুস্বাক্ষর ও প্রতিস্বাক্ষরপূর্বক মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তরে প্রেরণ নিশ্চিতকরণ অথবা কোন বছর/সময়ের এপিআর প্রযোজ্য না হলে উপযুক্ত প্রমাণক প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২১/৭/২৫
(আরিফউজ্জামান খান)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর)

স্মারক নং- ০৫.০০.০০০০.০০০.১০২.২১.০০০৩.২৫-১১৯৮ তারিখঃ ২১/০৭/২০২৫খ্রিঃ।

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী/প্রধান/নিয়ন্ত্রক,.... বাপাউবো,,.................।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী/প্রকল্প পরিচালক/পরিচালক/অধ্যক্ষ/সচিব,... বাপাউবো,..............।
৩। মহাপরিচালক মহোদয়ের চীফ স্টাফ অফিসার, বাপাউবো, ঢাকা।
৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা (সার্কুলারটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫। নির্বাহী প্রকৌশলী/উপ-পরিচালক............. বাপাউবো,............।
৬। উপ-পরিচালক/সহকারী পরিচালক (অহিনি),................. আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো,......।
৭। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/অর্থ /পরিকল্পনা /পূর্ব রিজিয়ন/পশ্চিম রিজিয়ন), বাপাউবো, ঢাকা।

২১/৭/২০২৫
(মির্জা মোঃ মতিউল ইসলাম)
উপ-পরিচালক (প্রশাসন)